

৪০ মান

## শিক্ষকদের অবহেলায় শাবিতে দু'মাস পিছিয়ে গেল ফাইনাল পরীক্ষা

সিলেটে বুরো

শিক্ষকদের অবহেলায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১টি বিভাগের সিনিয়র ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। গোববার ইংরেজী বিভাগের ১ম বর্ষের সিনিয়র শিক্ষার্থীদের মাইনর কোর্সের (সমাজবিজ্ঞান-১০১বি) পরীক্ষা বাকলেও শিক্ষকদের অবহেলায় তা হয়নি। অনিবার্য কারণ দেখিয়ে পরীক্ষা দু'মাস পিছিয়ে দেয়ার ওই বিভাগের শিক্ষার্থীরা বিপাকে পড়েছে।

জানা যায়, রুটিন অনুযায়ী গোববার সাত্বে ৯টায় ইংরেজি বিভাগের সিনিয়র ফাইনাল পরীক্ষা হওয়ার কথা ছিল। শিক্ষার্থীরা ফরাসময়ে পরীক্ষা হলে উপস্থিত হলেও সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষকদের কেউ পরীক্ষা নিতে আসেননি। ইংরেজী বিভাগের অফিস থেকে পরীক্ষা নেয়ার কথা বলা হলে তারা জানান, প্রথমত তৈরি হয়নি, তাই পরীক্ষা নেয়া সম্ভব নয়। এ অবস্থায় রোববারের পরীক্ষা স্থগিত করে ১৫ নভেম্বর পুনর্নির্ধারণ করা হয়। এ ব্যাপারে সমাজবিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ড. কামাল আহমেদ তৌফীককে প্রশ্ন করা হলে তিনি বলেন, অনিবার্য কারণবশত পরীক্ষা স্থগিত করা হয়েছে। তিনি আর কিছু জানতে অপারাগতা প্রকাশ করেন। ইংরেজি বিভাগের প্রধান ড. আতিউল্লাহ বান জানান, পর পর দু'বার পরীক্ষা নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগকে চিঠি দেয়ার পরও পরীক্ষা না হওয়াটা দুঃখজনক।

এদিকে, নির্ধারিত সময়ে পরীক্ষা না হওয়ায় ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের মাঝে হতাশা বিরাজ করছে। পরীক্ষা দুই মাস পিছিয়ে যাওয়ার অনাকাঙ্ক্ষিত বেশনজটের স্রাবংকা করছে শিক্ষার্থীরা।